সিইপিআই প্রকল্পের প্রকাশনা
নভেম্বর ২০২১ সংখ্যা–৩০
তৃতীয় বছর

# অধিকার বার্তা

COAST Foundation

জন অংশগ্রহণ | স্বচ্ছতা ও জবাবদিহিতা | বঞ্চিতদের অধিকার








জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

## বঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠার লক্ষে নতুন ইউনিয়ন পরিষদের সাথে সমঝোতা স্মারক অনুষ্ঠিত

আজ ৩১ অক্টোবর ২০২১ রবিবার সকাল ১০.৩০ মিনিটে ৩ নং পশ্চিম ইলিশা ইউনিয়নে একটি সমঝোতা স্মারক অনুষ্ঠিত হয় ।



ইলিশা ইউপি চেয়ারম্যান সমঝোতা স্মারক সভায় বক্তব্য রাখছেন ইউপি চেয়ারম্যান গিয়াস উদ্দিন ছবি : রাজিব ঘোষ – প্রকল্প কর্মকর্তা

জন প্রতিষ্ঠান সমুহে নাগরিকদের অংশগ্রহণ প্রকল্পের মাধ্যমে ভোলা সদর উপজেলার ৩ নং পশ্চিম ইলিশা ইউনিয়ন পরিষদের সাথে সমঝোতা স্মারক সভা অনুষ্ঠিত হয় ।সভায় সভাপতিত্ব করেন জনাব মো: গিয়াস উদ্দিন চেয়ারম্যান পশ্চিম ইলিশা ইউনিয়ন পরিষদ,ভোলা সদর ,সভায় সকল ইউপি সদস্য এবং সরকারি কর্মকর্তা ও সুশিল সমাজের প্রতিনিধিগণ সক্রিয় ভাবে আংশগ্রহণ করেন ।সভাপতি জনাব গিয়াস উদ্দিন তার বক্তব্যে জনগনের কল্যানে যে কোন প্রকল্প পরিচালিত হয় । আমরা জনপ্রতিণিধিরা সর্বদা জনগনের কল্যানে কাজ করে যাচ্ছি ।এবং ভবিশ্যতে করে যাবো ,ইউপি চেয়ারম্যান হিসাবে আমি সিইপিআই প্রকল্পের সাথে যৌথ ভাবে প্রকল্পটি বাস্তবায়ন করতে সন্মত এবং প্রকল্পের সর্বদিক থেকে পুর্ন সহযোগিতার অঙ্গিকার করছি ।আমি আশা করি এ প্রকল্প বাস্তবায়নের ফলে দরিদ্র জনগোষ্ঠির সেবা পেতে সহজ হবে এবং পশ্চিম ইলিশা ইউনিয়ন পরিষদকে আরো জবাবদিহিমুলক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলব ,পরিশেষে তিনি সিইপিআই প্রকল্পের মাধ্যমে নতুন ইউনিয়ন পরিষদ নির্বাচিত করার জন্য কোস্ট ফাউন্ডেশন এবং মানুষের জন্য ফাউন্ডেশন (এম জে এফ) কে ধন্যবাদ জানান এবং সকলের মঙ্গল কামনা করেন ।

**ইউনিয়ন মাসিক উন্নয়ন সমন্বয়সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং স্থানীয় উন্নয়ন সংস্থা প্রতিনিধি এবং নির্বাচিত মহিলা সদস্যদের অংশগ্রহণ বৃদ্বির মাধ্যমে ।**

সিইপিআই প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভা হলো ইউনিয়ন পরিষদের একটি প্রধান কার্যকলাপ যা দ্বি–মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির প্রতিনিধিদের সমন্বয়ে পরিচালিত হয় ।এক সময় বিভিন্ন সরকারি কর্মকর্তাগণ অনুপস্থিত ছিলেন এবং ইউনিয়ন পরিষদ গুলো মহিলাদের অংশগ্রহণ এবং স্থনীয় সেবাদানকারীদের মধ্যে মহিলাদের আংশগ্রহণ এবং স্থানীয় সেবাদানকারী প্রতিনিধিদের সহযোগিতা ছাড়াই সিদ্বান্ত নেওয়া হয়েছিল ,কোস্ট এর উদ্যোগে সিইপিআই প্রকল্প নিয়মিত সভা আয়োজনের জন্য সরকারি কর্মকর্তাদের আমন্তন পত্র পৌছে দেওয়া হয় এবং কমপক্ষে ৫ থেকে ৭ দিনের আগে পত্রগ্রহণ রেজিস্টারে স্বাক্ষর রাখে ।নিজ নিজ চেয়ারম্যান এর সাথে আলোচনা করে কি ভাবে তাদের নিয়মিত ফোন করে বৈঠকে উপস্থিত করেন এখন আমরা দেখতে পাচ্ছি স্থানীয় সরকারি বেসরকারি কর্মকর্তাগণ উপস্থিত হচ্ছে তাদের চলমান কার্যক্রম বাস্তবায়নে ইউনিয়ন পরিষদ সহায়তা প্রদান করছেন ।



সরকারি প্রতিনিধিদের কাছথেকে পরবর্তি পরিকল্পনা গ্রহণ, বদরপুর ইউনিয়ন লালমোহন ছবি–কামরুল পিএফ

আগের চেয়ে বাড়ছে,সংশ্লিস্ট কতৃপক্ষের পরামর্শে এবং কার্যকরি কর্মপরিকল্পনা নিয়ে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।নির্বাচিত মহিলা সদস্যরা অংশগ্রহণ করেন এবং তাদের মুল্যবান মতামত প্রদান করেন ।

শফিকুল ইসলাম তার চাহিদাকৃত তথ্য পেয়েছেন ভেদুরিয়া ইউনিয়ন হতে তথ্য অধিকার ফরমেট ব্যবহার করে ।

সকল নাগরিকের জন্য তথ্য অধিকার আইনের প্রযোগের মাধ্যমে তথ্য সংগ্রহকরে থাকেন।



জনগনের তথ্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য সিইপিআই প্রকল্প হতে সহকর্মীদের তথ্য প্রাপ্তিতে সকলকে তথ্য অধিকার আইনের ব্যবহার নিশ্চিত করার জন্য অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করার জন্য এ প্রকল্প আন্তর্জাতিক তথ্য অধিকার দিবসে বিভিন্ন ভাবে র‍্যালি ,আলোচনা সভা ,ও স্টোল প্রদর্শনের মাধ্যমে বিভিন্ন লেবেল এর জনগনকে তথ্য অধিকার ফরমেট ব্যবহার কি ভাবে এর মাধ্যমে তথ্য পেতে পারে সে সম্পর্কে ধারনা প্রদান করা হয় ।

জনাব শফিকুল ইসলাম একজন সচেতন নাগরিক ভেদুরিয়া ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের চরকালি গ্রামের বাসিন্দা তিনি ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সচিব) এর কাছে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক বাজেট কপি চেয়ে আবেদন পত্র জমা দেন ।



সচিব সাহেব তাকে তার চাহিদাকৃত বাজেট কপি ফটোকপি প্রদান করেন ।এ ভাবে আমরা সিইপিআই প্রকল্পের মাধ্যমে জনগনের মাধ্যমে সরকারি বিভিন্ন দপ্তরে বিভিন্ন জনগনের মাধ্যমে ৪৫০ টি আবেদন পত্র জমা দিয়েছি তাদের চাহিদাকৃত তথ্যের জন্য ।যে কোন ব্যক্তি এখন তথ্য আধিকার আইনের মাধ্যমে তার প্রাপ্ত তথ্যের জন্য নিজেদের আগ্রহ ও উদ্দিপনার মাধ্যমে আবেদন করে থাকেন ।এ তথ্য প্রাপ্তির মাধ্যমে স্বচ্চতা,জবাবদিহিতা এবং জনগনের মাঝে এ আইনের মাধ্যমে সব্বোচ্চ ব্যবহার নিশ্চিত হচ্ছে ।এতএব এর মাধ্যমে তথ্য আধিকার আইন স্বাধিন তথ্য প্রপ্তিতে হাতিয়ার হিসেবে কাজ করে ।

কর্মসুচির অংশগ্রহণকারিদের মাঝে চলমান কর্মসুচি সম্পর্কে ফিডব্যাক গ্রহণ করা হচ্ছে স্বাস্থ্য সচেতনেতা পালন করে ।

করোনাকালে স্বাস্থ্য বিধি মেনে,সামাজিক দুরত্ব মেনে প্রকল্পের অংশগ্রহণকারীদের মাঝে চলমান কর্মসুচি সম্পর্কে ফিডব্যাক গ্রহণকরা হচ্ছে,চলমান কর্মসুচি সম্পর্কে তাদের সন্তুস্টি ,অপ্রত্যাসিত নেতিবাচক প্রভাব,ঝুকি নিরুপন সহ কর্মসুচি সম্পর্কে তাদের মতামত আরো ভাল সেবা প্রদানের জন্য সুপারিশ ও ভবিশ্যতে করনীয় প্রকল্পের সেবার মান বৃদ্বি,প্রতি ৩ মাস পরপর এ ভাবে প্রকল্পের অংশগ্রহনকারি কাছথেকে ফিডব্যাক গ্রহণ করা হয় ।



ফিডব্যাক সেশন পরিচালনা করা হচ্ছে রমাগন্জ ইউনিয়নের ৫ নং ওয়ার্ড লালমোহন ,ছবি:নোমান শরিফ-পি এফ

**প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন- অক্টোবর২০২১**

| ক্রম | কার্যক্রম | লক্ষ্য | অর্জন |
|---|---|---|---|
| ১ | ইউনিয়ন নাগরিক ফোরামের সভা | ০৬ | ০৬ |
| ২ | দ্বিমাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভা | ০৪ | ০৩ |
| ৩ | ওয়ার্ড নাগরিক কমিটির সভা | ৩৩ | ৩৩ |
| ৪ | ওয়ার্ড সচেতনেতা মুলক সভা | ১০ | ১০ |
| ৫ | ট্যাক্স মাইকিং ও আলোচনা সভা | ০১ | ০১ |
| ৫ | ইউনিয়ন পর্যায়ে নাগরিক সংলাপ | ০১ | ০১ |

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য:
মোবাইল: +৮৮০ ১৭০৮ ১২ ০৪ ০৭
ইমেইল: fazlu@coastbd.net
কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। কোস্ট ওয়েবসাইট ভিজিট : www.coastbd.net